



বিডিএস/১৩/২০-৩১৩

১৭ অক্টোবর ২০২৪

বিজ্ঞপ্তি

দক্ষিণ কোরিয়ায় অবস্থানরত বাংলাদেশী ইপিএস কর্মীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় প্রবাসী দিবস-২০২৪ উপলক্ষে সিউলস্থ বাংলাদেশ দূতাবাস, বাংলাদেশী ইপিএস কর্মীদের নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) টি ক্যাটাগরীতে সম্মাননা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:-

- ক) সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারী ০৩ (তিন) জন বাংলাদেশী ইপিএস কর্মী;
- খ) একই কর্মস্থলে সর্বোচ্চ সময় অবস্থানকারী ০৩ (তিন) জন বাংলাদেশী ইপিএস কর্মী;
- গ) কোরিয়ান সরকার কর্তৃক পুরস্কৃত ০৩ (তিন) জন বাংলাদেশী ইপিএস কর্মী;
- ঘ) কোরিয়ান ভাষায় দক্ষতা অর্জনকারী ০৩ (তিন) জন বাংলাদেশী ইপিএস কর্মী; [টপিক (한국어능력시험) অথবা সাহেইখোংহাপ প্রোগ্রাম (사회통합프로그램) লেভেল ০৫ (পাঁচ) পর্যন্ত সম্পন্নকারীগণই শুধুমাত্র আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন];
- ঙ) দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ গ্রহণকারী (সার্টিফিকেট প্রাপ্ত) ০৩ (তিন) জন বাংলাদেশী ইপিএস কর্মী;

০২. একজন বাংলাদেশী ইপিএস কর্মী সর্বাধিক **দুটি শ্রেণীতে** আবেদন করতে পারবেন। দক্ষিণ কোরিয়ায় কর্মরত আগ্রহী বাংলাদেশী ইপিএস কর্মীগণকে নিম্নে বর্ণিত নির্দেশাবলী অনুসরণপূর্বক **আগামী ২০.১১.২০২৪ তারিখের মধ্যে labourwingseoul@gmail.com** ই-মেইল বরাবর আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

■ **সম্মাননার কোন শ্রেণীতে আবেদন করছেন, তা আবেদনপত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।**

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত তথ্যাদি/প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে:

১. পাসপোর্ট সাইজের ছবি (সকল ক্যাটাগরির জন্য প্রযোজ্য);
২. পাসপোর্ট এবং এলিয়েন রেজিস্ট্রেশন কার্ডের স্ক্যান কপি (সকল ক্যাটাগরির জন্য প্রযোজ্য);
৩. ক্যাটাগরি 'ক': সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারীর জন্য ০১.০৭.২০২৩ হতে ৩০.০৬.২০২৪ সময়ের মধ্যে বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রেরণের প্রমাণপত্র;
৪. ক্যাটাগরি 'খ': একই কর্মস্থলে দীর্ঘদিন অবস্থান করার প্রমাণপত্র (재직 증명서);
৫. ক্যাটাগরি 'গ': ০১.০৭.২০২৩ হতে ৩০.০৬.২০২৪ সময়ের মধ্যে কোরিয়ার সরকারের নিকট হতে পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে প্রাপ্ত পুরস্কারের বিবরণসহ মূল সনদপত্রের স্ক্যান কপি;
৬. ক্যাটাগরি 'ঘ': ০১.০৭.২০২৩ হতে ৩০.০৬.২০২৪ সময়ের মধ্যে টপিক (한국어 능력 시험) অথবা সাহেইখোংহাপ প্রোগ্রাম (사회통합 프로그램) লেভেল ০৫ (পাঁচ) মূল সনদপত্রের স্ক্যান কপি;
৭. ক্যাটাগরি 'ঙ': ০১.০৭.২০২৩ হতে ৩০.০৬.২০২৪ সময়ের মধ্যে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের মূল সনদপত্রের স্ক্যান কপি;

অন্যান্য:

- ক) একজন বাংলাদেশী ইপিএস কর্মী সর্বাধিক **দুটি শ্রেণীতে** আবেদন করতে পারবেন।
- খ) শুধুমাত্র ই-মেইল মারফত এই আবেদনপত্র প্রেরণ করতে হবে, সরাসরি বা ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। অবশ্যই নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।



গ) সম্মাননা প্রদানের ক্ষেত্রে দূতাবাস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ছাড়াই দূতাবাস কর্তৃপক্ষ সম্পূর্ণ প্রক্রিয়া বাতিল করতে পারে।



অনুরোধক্রমে

29-10-2028

মিসপি সরেন

দ্বিতীয় সচিব ও দূতালয় প্রধান

আবেদন পত্র

(একজন বাংলাদেশী ইপিএস কর্মী সর্বাধিক দুটি শ্রেণীতে আবেদন করতে পারবেন)

১. আবেদনকারী যে ক্যাটাগরিতে আবেদন করতে ইচ্ছুক সেই ক্যাটাগরির নাম (একাধিক শ্রেণীতে আবেদন করতে আগ্রহী প্রার্থীগণ পৃথকভাবে সংশ্লিষ্ট প্রমাণকসহ আবেদন করতে হবে।

২. আবেদনকারীর নাম (পাসপোর্ট অনুসারে) :

৩. আবেদনকারীর পিতা ও মাতার নাম (পাসপোর্ট অনুসারে) :

৪. আবেদনকারীর স্থায়ী ঠিকানা ও সেল ফোন নম্বর (পাসপোর্ট অনুসারে) :

৫. আবেদনকারীর পাসপোর্ট নম্বর (ফটোকপিসহ) :

৬. আবেদনকারীর কোরিয়ান এলিয়েন রেজিস্ট্রেশন নম্বর :

৭. আবেদনকারীর বর্তমান ঠিকানা (দক্ষিণ কোরিয়া) :

৮. আবেদনকারীর সেল ফোন ও ই-মেইল :

৯. আবেদনকারীর কোম্পানির নাম, ঠিকানা ও ফোন নম্বর :

১০. আবেদনকারীর বর্তমান ভিসার ধরণ (সকল ক্যাটাগরির জন্য প্রযোজ্য) :

* ক্যাটাগরি আনুযায়ী চাহিত সংশ্লিষ্ট সকল সনদপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

আবেদনকারীর নামঃ

স্বাক্ষরঃ

তারিখঃ